

ঠাকুরগাঁও সরকারি কলেজ  
ঠাকুরগাঁও

বিজ্ঞপ্তি

তারিখ : ০৯/০৭/২০২৩ খ্রি.

এতদ্বারা ঠাকুরগাঁও সরকারি কলেজের সকল ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে ০১(এক) মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতার নিয়মাবলি:

- ক) ভিডিওটি প্রস্তুত করে ইমেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ঠাকুরগাঁও সদর ( মোবাইল: ০১৭২১৯১১৮৯৯; ইমেইল: doictthakurgaonsadar@gmail.com) এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে, ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোনো মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট করতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম, মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোনো পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

উপর্যুক্ত প্রতিযোগিতায় সকল শিক্ষার্থীকে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলো।

(প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ  
ঠাকুরগাঁও।